**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৪/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ১৪ ফেব্রুয়ারি ২০১৭, ২ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিমান পরিচালনায় বাধা দিলে মৃত্যুদণ্ড : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

২। শ্রমখাতে প্রয়োজনীয় সংস্কার করা হয়েছে : প্রধানমন্ত্রী

৩। আগামী ২০২৪ সালের পর দেশে গরিব থাকবে না : অর্থমন্ত্রী

৪। পদ্মা সেতুতে চ্যালেঞ্জ নেওয়ায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানাল মন্ত্রিসভা

৫। প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ প্রমাণিত হলে গণিত পরীক্ষা বাতিল : শিক্ষামন্ত্রী

৬। ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে আগামী ২০১৮ সালে শুরু হয়ে শেষ হবে আগামী ২০২২ সালে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৭। রেলের আধুনিকায়নে ২০ বছর মেয়াদী পরিকল্পনা নিয়েছে সরকার : সংসদে রেলপথমন্ত্রী

৮। ভয়েস মেইল সার্ভিস উদ্বোধন করলেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়

৯। দেশের ৩৪ কোম্পানির ওষুধ মানসম্মত না হওয়ায় উৎপাদন বন্ধ : হাইকোর্টের আদেশ

১০। পোশাক কারখানা সংস্কারে ৬ শতাংশ সুদে ঋণ

১১। চারদিনব্যাপী আন্তর্জাতিক প্লাস্টিক মেলা শুরু আগামীকাল

চলমান পাতা-২

**১। বিমান পরিচালনায় বাধা দিলে মৃত্যুদণ্ড : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন**

বিমান পরিচালনায় বাধা দিয়ে মানুষের জীবন ঝুঁকিতে ফেললে মৃত্যুদণ্ড বা যাবজ্জীবনের পাশাপাশি ৫ কোটি টাকা জরিমানার বিধান রেখে 'বেসামরিক বিমান চলাচল আইন ২০১৭'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। খসড়া আইনে, সুরক্ষা ও নিরাপত্তার কারণ ছাড়া কোনো ব্যক্তি বিমান নিয়ে অবৈধভাবে বাংলাদেশের আকাশসীমায় প্রবেশ করলে সর্বোচ্চ ৭ বছর সশ্রম কারাদণ্ডের পাশাপাশি ৫০ লাখ টাকা জরিমানার বিধান রাখা হয়েছে। গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে খসড়া আইনটি চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.**১**,ক.**১**), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**২। শ্রম খাতে প্রয়োজনীয় সংস্কার করা হয়েছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, উৎপাদন বৃদ্ধির পাশাপাশি শ্রমিকদের কল্যাণ নিশ্চিত করতে শ্রমখাতে প্রয়োজনীয় সংস্কার করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, কলকারখানায় উৎপাদন বৃদ্ধির পাশাপাশি শ্রমখাতে শ্রমিকের কল্যাণ নিশ্চিত করতে আমাদের সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে এবং সংস্কার করেছে। প্রধানমন্ত্রী গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার গণভবনে যুক্তরাজ্যে লেবার ফ্রেণ্ডস অব বাংলাদেশের একটি প্রতিনিধিদল তার সঙ্গে সাক্ষাত করতে গেলে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.২) **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.**১**), **ফিনানশিয়াল এক্সপ্রেস**(পৃ.২,ক.৪)।

**৩। আগামী ২০২৪ সালের পর দেশে গরিব থাকবে না : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আগামী ২০২৪ সালের পর বাংলাদেশে আর কোনো গরিব থাকবে না। গতকাল **১৩** ফেব্রুয়ারি রোববার পূর্ব লন্ডনে যুক্তরাজ্য আওয়ামী লীগের উদ্যোগে দেওয়া এক নাগরিক সংবর্ধনায় অর্থমন্ত্রী এ আশাবাদ ব্যক্ত করেন। বিশ্বমন্দার সময় বাংলাদেশের অর্থনীতিকে নিরাপদ রাখতে গুরুত্বপূর্ণ অবদানের জন্য অর্থমন্ত্রীকে এ সংবর্ধনা দেওয়া হয়। সংবর্ধনার জবাবে অর্থমন্ত্রী বলেন, **১৯৯১** সালে দেশে দরিদ্র মানুষের সংখ্যা ৬০ শতাংশের মতো হলেও এখন তা নেমে এসেছে ২২ শতাংশে। আগামী ২০২৪ সালের পর বাংলাদেশে আর কোনো গরিব থাকবে না। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.**১**৫,ক.৬)।

**৪। পদ্মা সেতুতে চ্যালেঞ্জ নেওয়ায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানাল মন্ত্রিসভা**

পদ্মা সেতু নির্মাণে দুর্নীতির বিষয়ে বিশ্বব্যাংকের অভিযোগ ও অবস্থানকে দৃঢ়ভাবে চ্যালেঞ্জ করার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে প্রসঙ্গটি নিয়ে অনানুষ্ঠানিক আলোচনা হয়। বৈঠকে নিয়মিত আলোচ্যসূচির পাশাপাশি কানাডার আদালতের রায় এবং পদ্মা সেতু বিষয়ে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের অবস্থান নিয়ে দীর্ঘ আলোচনা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সময় বলেন, তাঁর পরিবারের সদস্যদের এই কল্পিত ঘটনায় জড়ানোর চেষ্টা করা হয়েছিল। কিন্তু কানাডার আদালতের রায়ে প্রমাণিত হলো যে কোনো দুর্নীতি হয়নি। গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এই বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.**১**,ক.৩), **প্রথম আলো** (পৃ.**১**,ক.২), **অবজারভার** (পৃ.**১**,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.**১**,ক.**১**)।

**৫। প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ প্রমাণিত হলে গণিত পরীক্ষা বাতিল : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রশ্ন ফাঁসের অভিযোগের প্রমাণ মিললে চলতি এসএসসির গণিত পরীক্ষা বাতিল করা হবে। যে অভিযোগ উঠেছে সে বিষয়ে তদন্ত করা হবে। তদন্তে অভিযোগের প্রমাণ পাওয়া গেলে পরীক্ষার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮)।

**৬। ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে আগামী ২০১৮ সালে শুরু হয়ে শেষ হবে আগামী ২০২২ সালে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ের বাস্তবায়ন কাজ আগামী ২০১৮ সালে শুরু হয়ে আগামী ২০২২ সালের মধ্যে

সমাপ্ত হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

**৭। রেলের আধুনিকায়নে ২০ বছর মেয়াদী পরিকল্পনা নিয়েছে সরকার : সংসদে রেলপথমন্ত্রী**

রেলপথমন্ত্রী মুজিবুল হক সংসদে বলেছেন, যাত্রীসেবার মানোন্নয়ন ও আধুনিকায়নের লক্ষ্যে ২০ বছর মেয়াদী রেলওয়ের মহাপরিকল্পনার অনুমোদন করেছে সরকার। মহাপরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রকল্পগুলো বাস্তবায়িত



হলে নতুন নতুন জেলা রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আসবে এবং যাত্রীসেবার মানোন্নয়ন ও আধুনিকীকরণের উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হবে। বর্তমানে মহাপরিকল্পনা হালনাগদ করার কার্যক্রম চলমান আছে। গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার জাতীয় সংসদে এক প্রশ্নের লিখিত উত্তরে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৫,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

**৮। ভয়েস মেইল সার্ভিস উদ্বোধন করলেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়**

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) দেশের মোবাইল ফোন ব্যবহারকারীদের সুবিধার্থে ভয়েস মেইল সার্ভিসের (ভিএমএস) উদ্বোধন করেছে। গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার বিটিআরসি কার্যালয়ে এক অনুষ্ঠানে সংস্থাটির চেয়ারম্যান ড. শাহজাহান মাহমুদকে শুভেচ্ছা বার্তা প্রেরণের মাধ্যমে ভিএমএস'র আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। তিনি তার বার্তায় বলেন, বাংলাদেশে প্রথমবারের মতো ভিএমএস চালুর জন্য বিটিআরসি ও এর চেয়ারম্যানকে জানাচ্ছি, আমার অভিনন্দন ও শুভেচ্ছা। তিনি এই সেবার সাফল্যও কামনা করেন। বেসরকারি মোবাইল ফোন অপারেটর রবি এই সেবা চালু করছে। ডাক ও টেলিকমিউনিকেশন প্রতিমন্ত্রী তারানা হালিম তার বার্তায় আশা প্রকাশ করেন যে ভিএমএস ব্যবহার করে দেশের মোবাইল ব্যবহারকারীরা উপকৃত হবেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৯। দেশের ৩৪ কোম্পানির ওষুধ মানসম্মত না হওয়ায় উৎপাদন বন্ধ : হাইকোর্টের আদেশ**

মানসম্মত ওষুধ উৎপন্ন না করায় ২০টি ওষুধ কোম্পানির উৎপাদন ও লাইসেন্স বাতিল এবং ১৪টি কোম্পানির এন্টিবায়োটিক উৎপাদন বন্ধ করতে আদেশ দিয়েছেন হাইকোর্ট। গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার এ বিষয়ে জারি করা রুলের চূড়ান্ত শুনানি শেষে বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও মো. আতাউর রহমান খানের ডিভিশন বেঞ্চ এ রায় দেন। রায়ে এসব কোম্পানি গোপনে ওষুধ তৈরি বা বিক্রি করছে কি না এবং কোম্পানিগুলোর সর্বশেষ পরিস্থিতি পর্যবেক্ষণ করে সরকারের ঔষধ প্রশাসন অধিদফতরের মহাপরিচালককে প্রতি তিন মাস পর পর আদালতে প্রতিবেদন দিতে বলা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**১০। পোশাক কারখানা সংস্কারে ৬ শতাংশ সুদে ঋণ**

তৈরি পোশাক খাতের কারখানা সংস্কারে মাত্র ৬ শতাংশ সুদে ঋণ দেবে ৩৪টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান। বাংলাদেশ ব্যাংকে বিদ্যমান জাইকা তহবিল থেকে সর্বোচ্চ **১৫** বছর মেয়াদে এ ঋণ নিতে পারবেন কারখানা মালিকরা। এ ঋণ বিতরণের জন্য গতকাল **১৩** ফেব্রুয়ারি সোমবার বাংলাদেশ ব্যাংকের সঙ্গে **২৫**টি ব্যাংক ও **৯**টি আর্থিক প্রতিষ্ঠান চুক্তি স্বাক্ষর করে। বাংলাদেশ ব্যাংকের সভাকক্ষে গভর্নর ফজলে কবিরের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট ব্যাংকের এমডিরা নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। বাংলাদেশ ব্যাংকের পক্ষে স্বাক্ষর করেন এসএমই বিভাগের মহাব্যবস্থাপক স্বপন কুমার রায়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৩), **নিউ নেশন** (পৃ.৭,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

**১১। চারদিনব্যাপী আন্তর্জাতিক প্লাস্টিক মেলা শুরু আগামীকাল**

আগামীকাল থেকে শুরু হচ্ছে চারদিনব্যাপী আন্তর্জাতিক প্লাস্টিক মেলা। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য এ মেলায় বিশ্বের ১৪টি দেশ অংশ নেবে। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু এ মেলার উদ্বোধন করবেন। গতকাল ১৩ ফেব্রুয়ারি সোমবার রাজধানীর পল্টন টাওয়ারে বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারক অ্যাসোসিয়েশন আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সংগঠনের সভাপতি জসিম উদ্দিন। তিনি বলেন, বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারক অ্যাসোসিয়েশনের ১২তম মেলা এটি। মেলায় দেশি বিদেশি মিলিয়ে ৪৫০টি স্টল অংশ নেবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **যুগান্তর** (পৃ.১৫,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ফ্লাইওভারকে ঘিরে মালিবাগ-মৌচাক সড়কে সৃষ্ট অব্যবস্থা আর সীমাহীন জনদুর্ভোগের অবসানে জরুরি ভিত্তিতে যথাযথ পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

খ. **সংবাদ :** শীতলক্ষ্যাসহ অন্যান্য নদীর দখল দূষণ রোধে সরকারকে সর্বাত্মক চেষ্টা চালানোসহ পরিবেশবাদী সংগঠনগুলোর করা সুপারিশ গ্রহণের পাশাপাশি নদী সুরক্ষায় জনগণকে সচেতন হওয়ার আহ্বান।

গ. **প্রথম আলো :** প্রধান বিচারপতি ত্রুটিপূর্ণ আইন প্রণয়নকে মামলা বৃদ্ধির অন্যতম কারণ হিসেবে চিহ্নিত করে যে অভিমত প্রকাশ করেছেন তার পরিপ্রেক্ষিতে সংসদ ত্রুটিমুক্ত আইন তৈরিতে এবং বিচার বিভাগ এ ধরনের সমস্যা কাটিয়ে উঠতে যা করার দরকার তা-ই করবেন বলে প্রত্যাশা।

ঘ. **সমকাল :** মানসম্পন্ন ওষুধ উৎপাদনে চূড়ান্তভাবে ব্যর্থ হওয়া ২০টি কোম্পানির লাইসেন্স বাতিল এবং ১৪টি কোম্পানির অ্যান্টিবায়োটিক উৎপাদন বন্ধ করার হাইকোর্টের রায়ের যথাযথ বাস্তবায়নের সুপারিশ।

ঙ. **যুগান্তর :** রাজধানীসহ দেশের মহানগরীগুলোর আবাসিক এলাকা থেকে বাণিজ্যিক প্রতিষ্ঠান অপসারণে যথাযথ কর্তৃপক্ষকে আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান।

চ. **ইনকিলাব :** ভুয়া আইন-শৃঙ্খলা বাহিনীর ১১ সদস্য গ্রেফতার হওয়ার ঘটনা তুলে ধরে নাগরিক নিরাপত্তায় যে কোনো প্রকারেই এসব ভুয়া সদস্যদের ঠেকানোর সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ড :** নির্ধারিত সময়সীমা ৩১ জানুয়ারী ২০১৭ মধ্যে ৩৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয় নিজস্ব ভবনে ক্যাম্পাস স্থানান্তরে ব্যর্থ হওয়ায় শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসিকে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।।

জ. **ডেইলি সান :** নদী ভাঙ্গণ প্রতিরোধ কার্যক্রম অন্য দেশের নদী ট্রেনিংয়ের অভিজ্ঞতা কাজে লাগানোর আহ্বান।

ঝ. **ডেইলি স্টার :** ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে ড্রিয়েটিক ইনটেনসিভ কেয়ার ইউনিটের পর্যাপ্ত সামর্থ না থাকার বিষয় তুলে ধরে এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **নিউজ টুডে, জনকণ্ঠ :** পদ্মা সেতু দুর্নীতি ষড়যন্ত মামলা কানাডার আদালত খারিজ করে দেওয়ায় বিলম্ব হলেও প্রকৃত সত্য উন্মোচিত হওয়ার বিশ্বব্যাংকের কাছে এ বিষয়ে ব্যাখ্যা চাওয়ার প্রত্যাশা।

ট. **নিউ এজ, ডেইলি সান, ডেইলি স্টার, সংবাদ, ভোরের কাগজ :** সড়ক দুর্ঘটনা প্রতিরোধে আইনের কঠোর প্রয়োগের পাশাপাশি সর্বস্তরে সচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বাজেটের ব্যাপ্তি যদি ঠিক না থাকে, যেটি যেভাবে কাজ করার কথা সেটি সেভাবে কাজ না করে তাহলে বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি হয় বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সড়ক দুর্ঘটনা নিয়ে মাথা ঘামানোর কেউ নেই'** শিরোনামের নিবন্ধে মুসাহিদ উদ্দিন আহমদ জাতিসংঘে বাংলাদেশসহ সদস্য দেশগুলো ২০২০ সালের মধ্যে সড়ক দুর্ঘটনার হার অর্ধেকে নামিয়ে আনার যে অঙ্গীকার ব্যক্ত করেছে তাকে বাস্তব রূপ দিতে বাংলাদেশের সড়ক পরিবহণ ব্যবস্থার সার্বিক উন্নয়নের কোনো বিকল্প নেই বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা